22 OCT 1988

24 OCT 1988

তারিখ 23 OCT 1988
পৃষ্ঠা... ৫ ... কলাম ৩ ...

দৈনিক ইনকিলাব

১৫

৩

## চিঠিপত্র

### মেডিক্যাল স্কুলে ছাত্র ভর্তি

অবহেলিত জনগোষ্ঠীর স্বাস্থ্য সুবিধার কথা চিন্তা করে তদানীন্তন সরকার প্রতি ইউনিয়নের জন্য একজন ডিপ্লোমা চিকিৎসক তৈরীর লক্ষ্যে প্রাক্তন এল এম এফ কোর্সের সমমানের মেডিক্যাল এ্যাসিস্টেন্ট নামে একটি ডিপ্লোমা কোর্স চালু করেন, দেশের ৮টি মেডিক্যাল কলেজের পাশাপাশি ৮টি মেডিক্যাল স্কুলে। এখান থেকে পাসের পর তাদেরকে ডিপ্লোমা চিকিৎসক হিসাবে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে ও উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নিয়োগ দেয়া হয়।

কিন্তু প্রতি ইউনিয়নে একজন করে তৈরীর বহু পূর্বেই মাত্র পাঁচ হাজার মেডিক্যাল ডিপ্লোমাধারী পাস করার পরই হঠাৎ করে মেডিক্যাল স্কুলগুলোতে ছাত্র ভর্তি বন্ধ করে দেয়া হয়। তথ্যাভিজ্ঞ মহলের মতে, একটি বিশেষ মহলের স্বার্থে এ কোর্সটি বন্ধ করে দেয়া হয়েছে। সরকার কোন যুক্তিতে এ কোর্সটিতে ছাত্র ভর্তি বন্ধ করলেন—তা আমরা জানি না। তবে আমাদের দেশে চাকরি ও অর্থের সীমাবদ্ধতা সত্ত্বেও যদি বহু ডিপ্লোমা কোর্স চলতে পারে তবে এ মূল্যবান কোর্সটি কেন সূচনাতেই বন্ধ হবে? তাছাড়া আমরা জাতিকে উল্লেখযোগ্য সংখ্যক ডিপ্লোমা প্রকৌশলী যদি দিতে পারি তবে সেখানে লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার পূর্বেই এ কোর্সটি বন্ধ সত্যিই দুঃখজনক। দেশে যেখানে বেসরকারী পর্যায়ে মেডিক্যাল কলেজ রয়েছে সেখানে দরিদ্র জনগোষ্ঠী বহুল-বেকার সমস্যাগ্রস্ত চিকিৎসা সংকটপূর্ণ আমাদের দেশে মেডিক্যাল স্কুলগুলোতে ছাত্র ভর্তি বন্ধ করে দেয়া উদ্বেগজনক।

এ কোর্সটি চালু থাকলে বহু দরিদ্র পিতা-মাতার সন্তান এর মাধ্যমে নিজের বেকারত্ব ঘুচিয়ে জাতি ও নিজেকে স্বনির্ভর করতে পারে। তাছাড়া এসব প্রতিষ্ঠানে ছাত্র ভর্তি বন্ধ করে দেয়াতে এ প্রতিষ্ঠানের অধ্যক্ষ, অসংখ্য শিক্ষক, কর্মচারীদের চাকরি জীবনে দেখা দিয়েছে অনিশ্চয়তা ও হতাশা।

চীন, থাইল্যাণ্ড, জাপান, নেদারল্যাণ্ডসহ অনেক উন্নত দেশেও মেডিক্যাল স্কুল রয়েছে। তাই আমাদের মতো তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে এ কোর্সটির গুরুত্ব একবাক্যে অপরিসীম। কারণ আমাদের চিকিৎসা ব্যবস্থাকে গ্রামমুখী না করতে পারলে ২০০০ সাল কেন কোনদিনই সবার জন্য স্বাস্থ্য সুবিধা দেয়া যাবে না। এ কোর্স নিয়ে একটি সংগঠন আন্দোলনও করছে। আমাদের অভিমত, বৃহত্তর জনগোষ্ঠীর স্বার্থেই এই কোর্সে ছাত্র ভর্তি করা উচিত।

—মুহম্মদুর-ই-শামীম